LEX/BDHC/0322/2009

**Equivalent Citation:** 15BLC(2010)351

## IN THE SUPREME COURT OF BANGLADESH (HIGH COURT DIVISION)

Writ Petition No. 1190/2009

**Decided On:** 14.07.2009

Appellants: Manzil Morshed **Vs.** Respondent: Bangladesh and Ors.

**Hon'ble Judges/Coram:**
*A.B.M. Khairul Haque and Muhammed Mamataz Uddin Ahmed, JJ.*

### A.B.M. Khairul Haque, J.

রোগীদের উপর মূল্য সংযোজন কর আরোপ এর বিধান এর বৈধতা চ্যালেঞ্জ করিয়া অত্র রীট্ মোকাদ্দমাটি দায়ের করা হইয়াছে।

2. দরখাস্তকারীগণ সকলেই বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী। তাহারা বাংলাদেশের জনগণের জীবন ও স্বাস্থ্য রক্ষা করিবার প্রেরণা হইতে এই জনস্বার্থমূলক রীট্ মোকাদ্দমাটি দায়ের করিয়াছে।

3. দরখাস্তকারীগণ তাহাদের দরখাস্তে নিবেদন করেন যে মূল্য সংযোজনী কর আইনের দ্বিতীয় তফসীলে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রাপ্ত সেবা সমূহ বর্ণনা করা হইয়াছে কিন্তু সমাজ কল্যাণ মূলক সেবা শিরোনামের আওতায় চিকিৎসা ও স্বাস্থ্য সেবা উক্ত করের আজ্ঞা মুক্ত রাখা হইলেও চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী অব্যাহতি প্রাপ্ত সেবা সমূহের আওতা বহির্ভূত রাখা হয়। যেহেতু সুলভে চিকিৎসা প্রাপ্তি জনগণের সাংবিধানিক অধিকার কিন্তু দ্বিতীয় তফসীলে উপরোক্ত শব্দগুলি বিয়োজনের ফলে রোগীদের উপর অবৈধভাবে উক্ত কর আরোপের কারণে দরখাস্তকারীগণ প্রতিবাদীগণের বরাবর উক্ত করারোপ বাতিল অনুরোধ করিয়া ১০-২-২০০৯ তারিখে একটি Demand of Justice নোটিশ জারী করেন (এ্যানেকচার-সি)। কিন্তু কোন ফলোদয় না হওয়ায় দরখাস্তকারী অত্র রীট মোকাদ্দমাটি দায়ের করিলে অত্র আদালত বাংলাদেশ সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুসারে প্রতিবাদীগণ বরাবরে ১৫-২-২০০৯ তারিখে নিম্নলিখিত Rule Nisi জারী করেনঃ

> "Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why the insertion of the word "চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরি" inside the bracket of para ২(ক) of 2nd schedule of VAT Act 1991, should not be declared void and illegal as being obstruction to the improvement of public health as well as beyond the scope of Fundamental Principles of State Policy of the Constitution and/or pass such other or further order or orders as to this Court may seem and pro-per.
>
> The Rule is made returnable within 2(two) weeks from date. The matter is fixed for hearing on 9-3-2009.

Requisites to be put in at once."

4. ৪ নং প্রতিবাদী পক্ষে ২৮-৪-২০০৯ তারিখে হলফকৃত একটি এফিডেভিট দাখিল করতঃ রীট্ মোকাদ্দমায় প্রতিদ্বন্দ্বিতা করে।

5. জনাব মনজিল মোরসেদ, এ্যাডভোকেট্ দরখাস্তকারী-গণ পক্ষে বক্তব্য উপস্থাপন করেন এবং অপরদিকে জনাব মুস্তাফা জামান ইসলাম, ডেপুটি অ্যাটর্ণী জেনারেল, ৪ নং প্রতিবাদীপক্ষে বক্তব্য উপস্থাপন করেন।

6. জনাব মনজিল মোরসেদ, দরখাস্তকারীপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মহোদয় নিবেদন করেন এবং সংবিধানের দ্বিতীয় ভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতি সমূহ বর্ণনা করা হইয়াছে। উক্ত ভাগে অবস্থিত ১৮ অনুচ্ছেদ বাংলাদেশের জনগণের স্বাস্থ্যের উন্নতি সাধনকে রাষ্ট্রের অন্যতম প্রাথমিক দায়িত্ব ও কর্তব্য বলিয়া ঘোষনা করিয়াছে। কাজেই রাষ্ট্র কোন অবস্থাতেই এমন কোন আইন করিতে পারে না যাহা আর্ত মানবতাকে অধিকতর কষ্টে পতিত করে। তিনি আরও নিবেদন করেন যে বাংলাদেশের বেশিরভাগ মানুষই দরিদ্রসীমার নিচে বসবাস করে। তাহাদের জন্য স্বাভাবিক জীবন ধারণই অনেক সময় দুঃসাধ্য হয়ে পড়ে, সেক্ষেত্রে পরিবারের কেহ অসুস্থ্য হয়ে পড়লে, সমগ্র পরিবার একটি বিপর্যয়ের মুখে পড়ে এবং তাহাদের পক্ষে অনেক সময়েই চিকিৎসা খরচ বহন করা সম্ভব হয়ে উঠে না। এই সামাজিক প্রেক্ষাপটে রোগীদের চিকিৎসা খরচের উপর মূল্য সংযোজন কর আরোপ ১৮ অনুচ্ছেদের প্রকৃত মর্মবাণীর সহিত সাংঘর্ষিক।

7. অপরদিকে, জনাব মুস্তাফা জামান ইসলাম, বিজ্ঞ ডেপুটি অ্যাটর্ণী জেনারেল মহোদয় নিবেদন করেন যে বাংলাদেশ একটি অনুন্নত দেশ, ইহার উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্যই মূল্য সংযোজন কর আরোপের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। তাহাছাড়া, যেহেতু চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী তাহাদের চিকিৎসা ও চিকিৎসা সম্বন্ধীয় সেবা (Service) প্রদানের বিপরীতে বিনিময় মূল্য প্রদান করেন বিধায় উক্ত মূল্যের উপর মূল্য সংযোজন কর আরোপিত হয়। তিনি বলেন যে, চিকিৎসা সেবা দাতব্য ভিত্তিতে বা বিনা মূল্যে প্রদান সম্ভব নয়, তার পরেও উপরোক্ত বিধান ব্যতিরেকে সাধারণ চিকিৎসা খাতকে মূল্য সংযোজন কর বহির্ভূত রাখা হইয়াছে।

8. দরখাস্ত, সংযোজিত কাগজাদি, ২৮-৪-২০০৯ তারিখে হলফকৃত এফিডেভিট ইন অপোজিশান এবং উভয় পক্ষের বক্তব্য শ্রবণ করা হইল।

9. প্রতীয়মান হয় যে, ১২-৬-১৯৯১ তারিখে ১৯৯১-৯২ বাৎসরিক বাজেট বক্তৃতায় তদানিন্তন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী ১লা জুলাই ১৯৯১ তারিখ থেকে মূল্য সংযোজন কর আরোপ সম্বন্ধে সর্ব প্রথম ইঙ্গিত প্রদান করেন। তিনি বলেন যে ১লা জুলাই হতে বিভিন্ন হারের বিক্রয় কর বিলোপ করিয়া একটি অভিন্ন হারে মূল্য সংযোজন কর প্রবর্তন করা হইতেছে।

10. প্রথমে মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) জারী করা হয়। অতঃপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), ১০ জুলাই ১৯৯১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। উক্ত আইনের ৩ ধারা মূল্য সংযোজন কর প্রবর্তন করিয়াছে। ৩ ধারার

(১) উপ-ধারা নিম্নরূপঃ

(৩) মূল্য সংযোজন কর আরোপ।—(১) প্রথম তফসিলে উল্লেকিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল পণ্য ও উক্ত তফসীলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং দ্বিতীয় তফসীলে উল্লিখিত সকল সেবা সমূহ ব্যতীত বাংলাদেশে প্রদত্ত সকল সেবার উপর ধারা ৫ এ বর্ণিত মূল্যের ভিত্তিতে পনের শতাংশ হারে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে।

(২) .........................

11. উপরোক্ত উপধারায় দুই প্রকার মূল্য সংযোজন কর আরোপ করা হইয়াছে। প্রথমতঃ উল্লিখিত প্রথম তফসীলে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রাপ্ত পণ্য সমূহের বর্ণনা প্রদান করা হইয়াছে। উক্ত পণ্য সমূহ ব্যতিরেকে সকল পণ্য উক্ত কর আরোপ যোগ্য। দ্বিতীয়তঃ দ্বিতীয় তফসীলে উক্ত কর আরোপ যোগ্য সেবা সমূহ বর্ণনা করা হইয়াছে অর্থাৎ উক্ত দ্বিতীয় তফসীলে বর্ণিত সেবা সমূহের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর আরোপিত হইবে।

12. পরবর্তীতে উপরোক্ত দ্বিতীয় প্রকারের সেবা সমূহের উপর আরোপিত কর পদ্ধতির পরিবর্তন আনয়ন করা হয়। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ১০৬ ধারা বলে দ্বিতীয় তফসীলটি নূতন করিয়া প্রতিস্থাপিত হয়। মূল দ্বিতীয় তফসীলে মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবা সমূহের বর্ণনা করা হইয়াছে। কিন্তু প্রতিস্থাপিত দ্বিতীয় তফসীলে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রাপ্ত সেবা সমূহের বর্ণনা প্রদান করা হইয়াছে। ইহার সহিত মিল রাখিয়া উপরোক্ত আইনের ৮৬(ক) ধারা অনুসারে ৩ ধারায় 'দ্বিতীয় তফসীলে উল্লিখিত' শব্দগুলির পর 'সেবা সমূহ ব্যতিত' শব্দগুলি সন্নিবেশিত করা হইয়াছে। ফলশ্রুতিতে দ্বিতীয় তফসীলে অব্যাহতি প্রাপ্ত সেবা সমূহ ব্যতিরেকে অন্য সকল সেবার উপর মূল্য সংযোজন কর আরোপিত হইবে।

13. প্রতিস্থাপিত দ্বিতীয় তফসীলে 'সমাজ কল্যাণ মূলক সেবা' খাতের আওতায় অব্যাহতি প্রাপ্ত বিভিন্ন সেবা সমূহের মধ্যে চিকিৎসা ও স্বাস্থ্য সেবা বর্ণনা করা হইয়াছে কিন্তু উক্ত অব্যাহতি প্রাপ্ত সেবাগুলি হইতে কয়েকটি বিষয় বাদ দেওয়া হইয়াছে। উক্ত অব্যাহতি প্রাপ্ত খাতটি নিম্নরূপঃ

মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রাপ্ত সেবাসমূহঃ

১। .....................

২। সমাজ কল্যাণ মূলক সেবাঃ

(ক) চিকিৎসা ও স্বাস্থ্য সেবা (চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী, বিউটি পার্লার, বিশেষজ্ঞ ডাক্তার এবং হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত);

(খ) .............................

14. প্রতীয়মান হইতেছে যে আপাত দৃষ্টিতে চিকিৎসা ও স্বাস্থ্য সেবা মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইলেও চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র, প্যাথলজিক্যাল ল্যাবরেটরী ও বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক প্রদত্ত সেবা উপরোক্ত কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করা হয় নাই, বরঞ্চ উক্ত সেবা প্রদানের উপর কর আরোপ করা হইয়াছে। ফলশ্রুতিতে চিকিৎসা ও স্বাস্থ্য সেবা খাতকে কর আরোপ হইতে অব্যাহতি প্রদানের জন্য সংশ্লিষ্ট আইনের যে অন্তর্নিহিত অভিপ্রায় (spirit of the law) তাহার সহিত সাংঘর্ষিক।

15. তাহাছাড়া, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার কর্তৃক প্রদত্ত সেবার সহিত একই মানদণ্ডে চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র, প্যাথলজিক্যাল ল্যাবরেটরী, বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক প্রদত্ত সেবা আনয়ন করণ একেবারেই অযৌক্তিক। চিকিৎসা সেবা আর্ত মানবতার জন্য, মানুষের জীবন বাঁচাইবার জন্য। এইরূপ সেবার সহিত বিউটি পার্লার বা হেলথ ক্লাব বা ফিটনেস সেন্টার এর তুলনা হাস্যকর।

16. সংবিধানের ৩২ অনুচ্ছেদে প্রদত্ত জীবনের অধিকার এবং ১৮ অনুচ্ছেদে প্রদত্ত ঘোষণা যে জনস্বাস্থ্যের উন্নতিসাধন রাষ্ট্রের অন্যতম প্রাথমিক কর্তব্য, শুধুমাত্র ফাঁকা বুলি নয়। এইগুলি সাংবিধানিক নির্দেশনা। প্রথমটি মৌলিক অধিকার। দ্বিতীয়টি রাষ্ট্র পরিচালনার অন্যতম মূলনীতি। কোনটিই সরকার অবহেলা করিতে পারেন না। সরকার প্রণিত কোন আইন মৌলিক অধিকার বা রাষ্ট্র পরিচালনার মূলনীতির সহিত সাংঘর্ষিক হইতে পারিবে না। হইলে সংশ্লিষ্ট আইনটি অবৈধ হইবে।

17. এই প্রসঙ্গে ৩২ অনুচ্ছেদে ব্যক্ত 'জীবন' বা 'life' এর অর্থ অনুধাবন করা প্রয়োজন। 'জীবন' বলিতে রুগ্ন, জীর্ণ, মানবেতর জীবন বোঝান হয় নাই। জীবন বলিতে বোঝায় একটি সুস্থ্য, সবল, সাবলিল, স্বাভাবিক জীবন। জীবন সম্বন্ধে *ডঃ মহি-উদ্দিন ফারুক বনাম বাংলাদেশ ৫৫ ডিএলআর ৬৯* মোকাদ্দমায় নিম্নোক্ত মন্তব্য করা হয়ঃ

"Article 32 guarantees right to life. This expression 'life' does not mean merely an elementary life or sub-human life but connotes in this expression the life of the greatest creation of the Lord who has at least a right to a decent and healthy way of life...

18. এই জীবনকে সুস্থ্য রাখিবার রাষ্ট্রীয় দায়িত্ব বোধ হইতেই ১৮ অনুচ্ছেদকে রাষ্ট্র পরিচালনার অন্যতম মূলনীতি হিসাবে সচেষ্টভাবেই গ্রহণ করা হইয়াছে। কাজেই ৩২ অনুচ্ছেদে ব্যক্ত 'জীবন' এবং ১৮ অনুচ্ছেদে ব্যক্ত ইহাকে সুস্থ্য রাখিবার প্রাথমিক দায়িত্ব বিরোধী কোন আইন বৈধ হইবে না।

19. বাংলাদেশ একটি গণতান্ত্রিক welfare State তবে ইহা অস্বীকার করা যায় না যে স্বল্পোন্নত দরিদ্র দেশ হিসাবে সরকারের আর্থিক ক্ষমতা সীমিত এবং হয়তো সদিচ্ছা থাকা সত্ত্বেও সর্বসাধারণের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান সম্ভব নয় কিন্তু যেখানে জনসাধারণ বিনামূল্যে নয়, নিজ ব্যয়ে চিকিৎসা সেবা ক্রয় করিতেছে, সেখানে তাহার ক্রয়মূল্যের উপর কর আরোপ সংবিধানের ৩২ ও ১৮ অনুচ্ছেদের মূল চেতনার পরিপন্থী ও সাংঘর্ষিক।

20. এমত অবস্থায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, এর দ্বিতীয় তফসীলে বর্ণিত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রাপ্ত সেবাসমূহের তালিকা হইতে চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র, প্যাথলজিক্যাল ল্যাবরেটরী, বিশেষজ্ঞ ডাক্তার প্রদত্ত সেবা বাদ প্রদান অসাংবিধানিক হইয়াছে। এমতাবস্থায় কোন রোগীর নিকট হইতে তাহার চিকিৎসা সংক্রান্ত কোন খরচ বা ব্যয়ের উপর মূল্য সংযোজন কর আরোপ করা যাইবে না।

21. অতএব, উপরোক্ত দ্বিতীয় তফসীলের সমাজ কল্যাণ মূলক সেবা শিরোনামের আওতায় (ক) দফায় চিকিৎসা ও স্বাস্থ্য সেবা শব্দগুলির পরে ব্রাকেটে ব্যক্ত "চিকিৎসা প্রতিষ্ঠান, দন্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরী," এবং "বিশেষজ্ঞ ডাক্তার" শব্দগুলি উপস্থিতি অবৈধ ও বে-আইনী ঘোষণা করা হইল। প্রতিবাদীগণ ও সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ তড়িৎ গ্রহণ করিবেন।

অতএব, অত্র রীট্ মোকাদ্দমায় জারীকৃত রুলটি খরচা ব্যতিরেকে absolute করা হইল।

© Manupatra Information Solutions Pvt. Ltd.